

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd




স্মারক নম্বর ২৬.০০.০০০০.০৮৬.৯৩.০০১.২০.১৪৫

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: বাণিজ্য মন্ত্রণালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ১১.১ মোতাবেক ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের তথ্য প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাণিজ্য মন্ত্রণালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা ২০২১-২০২১ এর ১১.১ মোতাবেক ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়নের তথ্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: এক পাতা।


১৪/০২/২০২১
(তরফদার সোহেল রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৮৫৩
E-mail: admn1@mincom.gov.bd

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: উপসচিব, ই-গভর্নেন্স-২ শাখা)

সেবার উদ্ভাবন প্রকল্প ছক

১৩

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: বাণিজ্য সংগঠন অনুবিভাগের কার্যক্রম বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত কমিটির মাধ্যমে সমন্বিত, একীভূত ও ত্বরিত সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যক্রমে গতিশীলতা আনয়ন।

২। সমস্যার সংক্ষিপ্ত বিবরণ: বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য সংগঠন অনুবিভাগের বিবিধ কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে আলোচনা এবং এসোসিয়েশন, গ্রুপ, চেম্বার, যৌথ চেম্বার ও ফাউন্ডেশনসমূহের প্রস্তাবিত নতুন আবেদনসমূহ যাচাই-বাছাই, নামের ছাড়পত্রের জন্য আরজেএসসির মতামত প্রাপ্ত আবেদনসমূহ, এফবিসিসিআই থেকে লাইসেন্স প্রদানের মতামত/সুপারিশ প্রাপ্ত প্রস্তাবিত সংগঠনসমূহ, বিভিন্ন বাণিজ্য সংগঠনে নিয়োগকৃত প্রশাসকগণের কাজের অগ্রগতি, বাণিজ্য সংগঠন সংক্রান্ত চলমান বিবিধ মামলার হালনাগাদ তথ্য পর্যালোচনা ও করণীয় নির্ধারণসহ সকল বিষয় আলাদা আলাদা নথিতে উপস্থাপনের মাধ্যমে সিদ্ধান্ত প্রদানে অনাবশ্যিক বিলম্ব হয় এবং অনেক ক্ষেত্রে বাণিজ্য সংগঠনসমূহ যে সকল পণ্য আমদানি, রপ্তানি বা উৎপাদনে সংশ্লিষ্ট তার প্রকৃতি নির্ধারণ বা কার্যপরিধি বিশ্লেষণে ঘাটতি রয়ে যায়।

৩। সম্ভাব্য সমাধান: বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে আমদানি ও রপ্তানি অনুবিভাগের বিভাগীয় প্রধানগণ, আরজেএসসির নিবন্ধক এবং বাণিজ্য সংগঠন অনুবিভাগের পরিচালক ও কর্মকর্তাদের সমন্বয়ে সভা অনুষ্ঠানের মাধ্যমে সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১, কোম্পানী আইন, ১৯৯৪, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ -এর আলোকে বর্ণিত বিষয়সমূহ যাচাই-বাছাই ও সুদূরপ্রসারী ফলাফল পর্যালোচনার মাধ্যমে সমন্বিত ও ত্বরিত সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যক্রমে গতিশীলতা আনয়ন।

৪। প্রত্যাশিত ফলাফল: ক) সমন্বিত সিদ্ধান্ত গ্রহণের ফলে ভুল-ভ্রান্তির অবকাশ হ্রাস পাবে;

খ) একীভূত সিদ্ধান্ত হওয়ায় আলাদা আলাদা নথিতে উপস্থাপনের প্রয়োজন হবে না ফলে সময় সাশ্রয় হবে এবং কর্মঘণ্টা হ্রাস পাবে;

গ) সিদ্ধান্তসমূহ একটি সুনির্দিষ্ট মানদণ্ডের মাধ্যমে প্রদান করা হবে;

ঘ) ভবিষ্যতে বিভিন্ন সংগঠনের মধ্যে স্বার্থ সংশ্লিষ্ট বিরোধ উৎপন্ন হওয়ার সম্ভাবনা হ্রাস পাবে;

ঙ) আমদানি ও রপ্তানি অনুবিভাগের বিভাগীয় প্রধানগণ বর্তমানে বিভিন্ন খাতে পরিচালিত বাণিজ্য সংগঠনসমূহ সম্পর্কে সম্যক ধারণালাভ করবেন বিধায় তাঁদের কাজে সমন্বয় ও উন্নয়নে সহায়ক হবে।

৫। সেবা পাইলটিং এর স্থান: বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়

৬। বাস্তবায়ন কাল: জানুয়ারি ২০২১ থেকে চলমান।

৭। সেবা বাস্তবায়নকারী দলের সদস্য:

(১)	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	-	দলনেতা
(২)	অতিরিক্ত সচিব, বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়	-	সদস্য
(৩)	মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়	-	সদস্য
(৪)	উপসচিব, বাণিজ্য সংগঠন-১, বাণিজ্য মন্ত্রণালয়	-	সদস্য
(৫)	সিনিয়র সহকারী সচিব, বাণিজ্য সংগঠন-২, বাণিজ্য মন্ত্রণালয়	-	সদস্য

৮। রিসোর্স: প্রয়োজন নেই।

Amay
20.02.2020

সুবর্ণা সরকার
সিনিয়র সহকারী সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার